**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 12.09.2026** **Desk in Charge: KL**

**Time: 7.35 AM** **EDIT & Compile: DSS**

**DEO: KB** **NRT: DSS**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ অনুপ্রবেশ রুখতে রাজ্য সরকার আন্তর্জাতিক সীমান্তের অরক্ষিত অংশে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্যে BSF-কে জমি দেওয়ার বিষয়ে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

২/ জাপান এরাজ্যে শিল্প ও বাণিজ্যে নতুন করে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে।

৩/ রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে পশ্চিমবঙ্গ সরকার, ফরাসী সরকারের সঙ্গে যৌথ উদ্যোগে ‘রিভার ট্যুরিজম’-এর ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে।

৪/ চলতি মাসের মধ্যেই রাজ্যের চটকল শ্রমিকদের পুজো বোনাস মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছেন শ্রমমন্ত্রী অর্জুন সিং।

৫/ রাজ্যে সড়ক সেতু নামকরণ ও পরিবর্তনের প্রস্তাব বিবেচনার জন্য উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করা হয়েছে।

৬/ প্রাথমিক ও উচ্চ প্রাথমিক স্তরে কর্মরত যে শিক্ষকরা টেট উত্তীর্ণ নন, তাদের পরীক্ষা গ্রহণের প্রস্তুতি শুরু করেছে রাজ্য সরকার।

৭/ জরুরী মেরামতির কাজের জন্য দ্বিতীয় হুগলী সেতু আগামীকাল আরও এক দফায় বন্ধ রাখা হবে। **#**মেট্রোর ব্লু লাইনের শহীদ ক্ষুদিরাম ও মহানায়ক উত্তমকুমারের মধ্যে মেট্রো পরিষেবাও আগামীকাল দীর্ঘক্ষণ বন্ধ থাকবে।

*************************************************************************

অনুপ্রবেশ রুখতে রাজ্য সরকার আন্তর্জাতিক সীমান্তের অরক্ষিত অংশে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্যে সীমান্ত রক্ষী বাহিনী BSF-কে জমি দেওয়ার বিষয় সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। ইতমধ্যেই প্রায় ৯০ শতাংশ জমি BSF-কে হস্তান্তরিত করা হয়েছে বলে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে গতসন্ধ্যায় 'রাম কথা' অনুষ্ঠানে অংশ নিয়ে জানান মুখ্যমন্ত্রী।

(বাইট – মুখ্যমন্ত্রী/ কাঁটাতার )

অনুপ্রবেশের মাধ্যমে রাজ্যে জমি নিয়ে যে ধরণের কর্মকান্ড চালানো হচ্ছিল, সরকার তার ওপর করা নিষেধাজ্ঞা জারি করবে। ১৯৫০ সালে গবাদি পশু আইন প্রয়োগ করে গোসুরক্ষার সবরকম ব্যবস্থা করা হয়েছে বলেও তিনি জানান। কবি কুমার বিশ্বাস আয়োজিত ওই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী স্পষ্ট বলেন, বাংলার মাটি বিপ্লবী, স্বাধীনতা সংগ্রামী ও ঋষি মুনিদের ভূমি। তাই এখানে জাতীয়তাবাদ ও সনাতনী ঐতিহ্যের সঙ্গে কোনোরকম আপোষ করা হবেনা। মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যে 'অভিন্ন দেওয়ানি বিধি' UCC চালু করা হবে। ধর্মান্তর রোধে নতুন আইন আনার বিষয়েও বিচার বিবেচনা করা হচ্ছে।

নতুন শিক্ষানীতির পাশাপাশি, পরবর্তী প্রজন্মকে বাংলার ঐতিহ্য, গীতাপাঠ, শঙ্খ বাদন ও দেশপ্রেমের ভাবধারায় উদ্বুদ্ধ করার আহ্বান জানান তিনি । মাদ্রাসা সহ সব জায়গাতেই, পূর্ণাঙ্গ বন্দেমাতরম গাইতে হবে বলে বার্তা দেন মুখ্যমন্ত্রী। কলকাতায় বৃহৎ পরিসরে হনুমান চল্লিশা পাঠ এবং ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে পাঁচ লক্ষ মানুষের কন্ঠে গীতা পাঠ আয়োজনের প্রস্তুতি চলেছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

জনসাধারণের সহযোগিতা পেলে সরকার, তাদের সমস্ত প্রতিশ্রুতি এবং আম জনতার প্রত্যাশা পূরণ করবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন শুভেন্দু অধিকারী।

************************

জাপান এরাজ্যে শিল্প ও বাণিজ্যে নতুন বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছে। শিল্পমন্ত্রী তাপস রায় গতকাল কলকাতায় শিল্প সদনে, জাপানের বিদেশ প্রতিমন্ত্রী SATO AYANO-র সঙ্গে এক বৈঠকের পর একথা জানান। আকাশবাণীকে তিনি বলেন, আগামী বছর ইন্দো-জাপান কূটনৈতিক সম্পর্কের ৭৫ বছর পূর্তি কলকাতায় সাড়ম্বরে উদযাপন করা হবে।

( বাইট- তাপস রায় )

শিল্পমন্ত্রী আরও বলেন, কলকাতার সঙ্গে তাদের সরাসরি উড়ান পরিষেবা চালুর জন্য ব্যবস্থা গ্রহণ করতে জাপানী প্রতিনিধিদল অনুরোধ করেছেন।

*************************

রাজ্যের পর্যটন শিল্পের আরও উন্নয়নের লক্ষ্যে পর্যটন দপ্তর, রিভার ট্যুরিজমের উপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। হুগলির চন্দন নগরে গতকাল, এদেশে নিযুক্ত ফরাসি রাষ্ট্র দূত থিয়েরি ম্যাথুর উপস্থিতিতে ফরাসি রেজিস্ট্রি বিল্ডিং এর পুনর্নির্মাণের জন্য চুক্তি স্বাক্ষরের পর পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষ বলেন, বাঁশবেড়িয়ার পর্তুগিজ, চুঁচুড়ার ওলন্দাজ, চন্দন নগরে ফরাসি, ও শ্রীরামপুরের ডেনিস ঐতিহ্য, এবং ব্যারাকপুরে একসময় ব্রিটিশদের প্রভাবকে স্মরণীয় করে রাখতে ওয়াটার টুরিজমের পরিকল্পনা নেওয়া হয়েছে, যার পোশাকী নাম দেওয়া হয়েছে – 'লিটল ইওরোপ অন দ্যা গ্যাঞ্জেস'।

(বাইট- শঙ্কর ঘোষ/ ফ্রেঞ্চ ট্যুরিজম )

তিনি বলেন, এজন্য গার্ডেনরিচ শিপ বিল্ডার্স থেকে দুটি ইলেকট্রিক ভেহিকল নেওয়ার জন্য পর্যটন দপ্তর ইতিমধ্যে চুক্তি স্বাক্ষর করেছে। এর পাশাপাশি রিভার ট্যুরিজমের উন্নয়নে আরও কিছু ইলেকট্রিক ভেহিকল পর্যটন দপ্তর কিনবে। পাশাপাশি এদেশের মানুষের কাছে চন্দননগরে ব্রিটিশ বিরোধী আন্দোলনের সংগ্রামীরা যারা এই মাটিকে ব্যবহার করে যেই মনিষীরা ব্রিটিশদের বিরুদ্ধে লড়াই করেছিলেন, তাদের সেই অবদানের কথাও তুলে ধরা হবে। পর্যটন মন্ত্রী আরও বলেন, ফরাসি রাষ্ট্রদূতের প্রস্তাব অনুসারে আগামী বছর থেকে ফরাসি সরকার বা দূতাবাসের সহযোগিতায় এই চন্দননগরে প্রতি বছর ফরাসি উৎসব পালন করা হবে।

উল্লেখ্য, চন্দননগরের ফরাসি ঐতিহ্যকে নতুন ক'রে তুলে ধরতে তিন দিনব্যাপী বিশেষ অনুষ্ঠান "বঁজু চন্দননগর" শুরু হয়েছে। রাজ্য সরকারের পর্যটন দফতর এবং ভারতে ফ্রান্সের দূতাবাসের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠান চলবে আগামীকাল পর্যন্ত। এই উপলক্ষ্যে ঐতিহ্যশালী স্ট্র্যান্ড রোড সংলগ্ন রেজিস্ট্রি বিল্ডিং-এর বহু-প্রতীক্ষিত সংস্কার কাজ এবং পুনর্নির্মাণ কাজের সূচনা হয়েছে।

এদিকে, পর্যটন দফতরের উদ্যোগে স্ট্র্যান্ডের বিস্তীর্ণ অংশে প্যারিসের রাস্তার পরিবেশ তৈরি করা হয়েছে। থাকছে আলোকসজ্জা, বিশেষ নকশার অস্থায়ী কাঠামো, ইউরোপীয় ধাঁচের দোকান এবং ক্যাফের আবহ। চন্দননগরের বিশ্বখ্যাত আলোকশিল্পকেই এক্ষেত্রে প্রধান আকর্ষণ হিসেবে ব্যবহার করা হচ্ছে।

*************************

দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগরের ভাঙন রোধে বিশেষজ্ঞদের পরামর্শ নেওয়া হচ্ছে। সাগর মেলার আগেই ক্ষতিগ্রস্ত স্নানঘাট মেরামত করা হবে বলে সেচমন্ত্রী অরূপ দাস জানিয়েছেন। তিনি গতকাল গঙ্গাসাগরের বিভিন্ন ভাঙন কবলিত এলাকা পরিদর্শনে গিয়ে তিনি জানান, আরও দু'টি বড় কোটাল রয়েছে। তা পার হওয়ার পর পুরোদমে ভাঙন রোধের কাজ শুরু হবে।

( বাইট- অরূপ দাস/ গঙ্গাসাগরে )

*************************

চলতি মাসের মধ্যেই রাজ্য জুড়ে চটকল শ্রমিকদের পুজো বোনাস মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছেন শ্রমমন্ত্রী অর্জুন সিং। একইসঙ্গে দুর্গাপূজার ছুটির পর চটকল শ্রমিকদের মজুরি-চুক্তি এবং ভবিষ্যৎ বছরের বোনাস নিয়ে বিস্তারিত আলোচনার আশ্বাস দিয়েছেন তিনি। রাজ্যের পাট শিল্পের বর্তমান সংকট কাটাতে ও কারখানাগুলিকে সচল রাখতে নব মহাকরণে গতকাল শ্রম দফতরের পক্ষ থেকে এক বিশেষ বৈঠকের আয়োজন করা হয়। অনলাইন এই ভার্চুয়াল বৈঠকে ২৩টি কেন্দ্রীয় ও রাজ্যস্তরের ট্রেড ইউনিয়ন, জুট কমিশনারের দফতর (জেসিও), ইন্ডিয়ান জুট কর্পোরেশন (জেসিআই), ইন্ডিয়ান জুট মিলস অ্যাসোসিয়েশন (ইজমা) এবং বিভিন্ন চটকলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। বৈঠকে শ্রমমন্ত্রী স্পষ্ট জানান, দুর্গাপুজোর আগেই যাতে সব শ্রমিক তাঁদের প্রাপ্য বোনাস হাতে পান, তা মিল মালিকদের সুনিশ্চিত করতে হবে। পুজোর ছুটির পর চটকল শিল্পের নতুন চুক্তি, মজুরি বৃদ্ধি এবং শ্রমিকদের দীর্ঘদিন ধরে অমীমাংসিত বিভিন্ন দাবি দাওয়া নিয়ে বিশদ আলোচনা করা হবে। পাশাপাশি মিলগুলি সচল রাখতে ট্রেড ইউনিয়নগুলির পূর্ণ

সহযোগিতা কামনা করেন তিনি।

*************************

প্রাথমিক ও উচ্চ প্রাথমিক স্তরে কর্মরত যে শিক্ষকরা টেট উত্তীর্ণ নন, তাঁদের সেই পরীক্ষা নেওয়ার জন্য প্রস্তুতি শুরু করল রাজ্য সরকার। রাজ্যের শিক্ষা দপ্তর গতকাল স্কুল সার্ভিস কমিশন ও প্রাথমিক শিক্ষা পর্ষদকে এই মর্মে চিঠি পাঠিয়েছে। গত বছরই সুপ্রিম কোর্ট এক রায়ে জানিয়েছিল, দেশের প্রাথমিক ও উচ্চ প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে টেট উত্তীর্ণ হওয়া বাধ্যতামূলক। ওই রায়কে উল্লেখ করে শিক্ষা দপ্তর জানিয়েছে, ২০২৮ এর ৩১ শে আগস্টের মধ্যে কর্মরত শিক্ষকদের টেট উত্তীর্ণ হতে হবে। এর জন্য প্রাথমিক শিক্ষা পর্ষদ ও স্কুল সার্ভিস কমিশনকে প্রয়োজনীয় প্রস্তুতি ও পরীক্ষার সূচি তৈরির নির্দেশ দিয়েছে শিক্ষা দপ্তর। রাজ্য সরকারের এই সিদ্ধান্তের সমালোচনা করেছে শিক্ষক সংগঠনগুলির একাংশ।

*************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ সাহিত্যিক, লেখক, ঔপন্যাসিক ও গল্পকার, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ১৩৩ তম জন্মদিনে তাকে শ্রদ্ধা জানানো হচ্ছে। এই উপলক্ষে পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে আজ বিভূতিভূষণ স্মৃতি ঘাটে বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ের জন্মদিন উদযাপনের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে রাজ্যের তথ্য ও সংস্কৃতি বিভাগ ও পর্যটন বিভাগের প্রতি মন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী ও মন্ত্রী অশোক কীর্তনিয়ার অংশগ্রহণ করার কথা।

*************************

বঙ্গীয় প্রকাশক ও পুস্তক বিক্রেতা সভার আয়োজনে প্রথম বর্ষ শারদ বই উৎসবের সূচনা হয়েছে রবীন্দ্রসদন নন্দন চত্বরে। ৭৪ টি প্রকাশনা সংস্থা এই উৎসবে স্টল দিয়েছে। একতারা মুক্ত মঞ্চে গতকাল উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, কবি বিনায়ক বন্দ্যোপাধ্যায়, হিরন্ময় গোস্বামী মহারাজ, বিধায়ক শর্বরী মুখোপাধ্যায়, পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের অধিকর্তা আশীষ গিরি ও সংগঠনের সভাপতি বিশ্ব বিকাশ কুন্ডু প্রমুখ।

*************************

৩২-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব কিফ-এর প্রথম বৈঠক গতকাল বসে নন্দনে। চলচ্চিত্র উৎসবের আয়োজন, প্রশাসনিক প্রস্তুতি ও সাংগঠনিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয় বৈঠকে। আগামী ১৬ থেকে ২৩শে ডিসেম্বর এবারের কলকাতা চলচ্চিত্র উৎসবের আয়োজন করা হবে। গতকালের বৈঠকে উপস্থিত ছিলেন কিফ-এর মুখ্য উপদেষ্টা বিশিষ্ট অভিনেতা মিঠুন চক্রবর্তী, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল, তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী, কিফ-এর চেয়ারম্যান প্রসেনজিত চট্টোপাধ্যায়, তথ্য-সংস্কৃতি দপ্তরের সচিব সৌমিত্র মোহন প্রমুখ।

*************************

রাজ্যে সড়ক, সেতু ইত্যাদির নামকরণ ও নাম পরিবর্তনের প্রস্তাব বিবেচনার জন্য একটি উচ্চ পর্যায়ের উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির চেয়ারম্যান করা হয়েছে স্বামী প্রদীপ্তানন্দ বা কার্তিক মহারাজকে। সদস্য হিসেবে রয়েছেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়, মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা তথা অবসরপ্রাপ্ত আইএএস সুব্রত গুপ্ত, স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দপ্তরের প্রধান সচিব, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব, পূর্ত দপ্তরের সচিব, কলকাতা পুরসভার কমিশনার, পশ্চিমবঙ্গ হেরিটেজ কমিশনের সচিব এবং ড. বিষ্ণুপদ দত্ত। নগরোন্নয়ন ও পুর বিষয়ক দপ্তরের যুগ্ম সচিব বা তার ঊর্ধ্বতন পদমর্যাদার এক প্রতিনিধি সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়ালের জারি করা নির্দেশিকায় জানানো হয়েছে, ঐতিহাসিক, সাংস্কৃতিক, ঐতিহ্যগত এবং জনস্বার্থের বিষয়গুলি বিবেচনায় রেখে স্বচ্ছ ও সুনির্দিষ্ট প্রক্রিয়ায় এই ধরনের প্রস্তাব খতিয়ে দেখতেই কমিটি গঠন করা হয়েছে। সরকারি নির্দেশিকায় বলা হয়েছে, বিভিন্ন সরকারি দপ্তর, স্থানীয় প্রশাসন, জেলা প্রশাসন এবং অন্যান্য অনুমোদিত সংস্থার পাঠানো রাস্তা, সড়ক, গলি, সেতু, জনপরিসর ও অন্যান্য সরকারি সম্পদের নামকরণ বা নাম পরিবর্তনের প্রস্তাব এই কমিটি পরীক্ষা করবে। পাশাপাশি প্রস্তাবিত নামের ঐতিহাসিক, সাংস্কৃতিক, সামাজিক ও ঐতিহ্যগত গুরুত্ব, জনস্বার্থ, বিশিষ্ট ব্যক্তিত্ব বা ঐতিহাসিক ঘটনার সঙ্গে তার সম্পর্কও খতিয়ে দেখা হবে।

*************************

জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্যে কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু আগামীকাল আরও এক দফায় বন্ধ রাখা হবে। সকাল ৬টা থেকে বেলা ১০টা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে কোন যান চলাচল করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

************************

রক্ষণাবেক্ষণের কাজের সুবিধার্থে আগামীকাল মেট্রোর ব্লু-লাইনের গীতাঞ্জলি ও কবি নজরুল মেট্রো স্টেশনের মধ্যে ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এর ফলে, ওই দিন সকাল ৯টা থেকে সন্ধ্যা সাড়ে ৬ টা পর্যন্ত শহীদ ক্ষুদিরাম ও মহানায়ক উত্তম কুমার স্টেশনের মধ্যে কোনো মেট্রো পরিষেবা পাওয়া যাবে না। মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে।

তবে, ওই দিন দক্ষিণেশ্বর ও মহানায়ক উত্তম কুমার স্টেশনের মধ্যে স্বাভাবিক মেট্রো পরিষেবা চালু থাকবে। সন্ধ্যা সাড়ে ৬টার পর ব্লু লাইনের পুরো অংশ , অর্থাৎ দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরাম স্টেশন পর্যন্ত স্বাভাবিক মেট্রো পরিষেবা পুনরায় চালু হবে।

*************************************************************************